গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
(রাজস্ব শাখা)
www.jamalpur.gov.bd

স্মারক নং- ৩১.৪৫.৩৯০০.০১৩.১২.০০৩(২).০৩-৫৯

তারিখঃ ১৬/০১/২০২৪ খ্রিঃ

## জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান

**বিজ্ঞপ্তি নং-০১/১৪৩০**

"সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী" জামালপুর জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০.০০ একরের উর্ধ্বে বদ্ধ) ইজারাযোগ্য জলমহাল ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ০১ নভেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলি ও চেকলিস্ট অনুসরণপূর্বক অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

**সময়সূচি:**

| ক্র: নং | গৃহীত কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ১. | অনলাইনে আবেদন দাখিল | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুনের মধ্যে (২৩ জানুয়ারী থেকে ১৬ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি.) |
| ২. | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, দরপত্র ক্রয়ের রশিদ ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল।<br>(রাজস্ব শাখা, কক্ষ নং-১০৭<br>জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর) | ০৩ ফাল্গুন এর পরবর্তী (০৩) (তিন) কার্যদিবসের মধ্যে জমা (১৮-২০ নভেম্বর, ২০২৪ খ্রি.)।<br>(অফিস চলাকালীন সময়ে) |

**১৪৩১-১৪৩৩ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তফসিল ও ইজারামূল্য**

| ক্র: নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | সম্ভাব্য সরকারি মূল্য (প্রতি বছর) | প্রস্তাবিত ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | জামালপুর সদর | আড়ালিয়া বিল | ৩০.৩১০০ | ২৩,৫৮৩/- | ১৪৩১-১৪৩৩ | |
| ২ | | নালিখালি বিল | ২৭.৩৭০০ | ১৭,৯১৫/- | ১৪৩১-১৪৩৩ | কোন জলমহালের বিষয়ে আদালত কর্তৃক নিষধাজ্ঞা/ভিন্ন কোন সিদ্ধান্ত বা মন্ত্রণালয় কর্তৃক অন্য কোন সিদ্ধান্ত থাকলে জলমহালটি তালিকা থেকে বাদ দেয়া হবে। |
| ৩ | | রুহ বিল | ৭২.২৪০০ | ২৯,৮৫৮/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৪ | | ডোবাইল বিল | ৪০.০০০ | ২৩,৮৮৬/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৫ | | মরা ডোবাইল বিল | ৩০.৪৭০০ | ১৭,৯১৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৬ | | ভূগলি বিল | ৩৩.০০০ | ১৭,৯১৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৭ | | সিঙ্গার বিল | ২১.৫৯০০ | ১৪,৩৩১/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৮ | | ঘাকুড়া বিল | ৪২.১৭০০ | ১৫,৫০১/- | ১৪৩১-১৪৩৩ | |
| ৯ | | বড় বিল | ২৩.৯১০০ | ২৩,৮৮৬/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১০ | | দুবলি বিল | ১৯.৯৫০০ | ৪৭,৫০৪/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১১ | মেলান্দহ | রৌমারী বিল | ৪৯.২৮০০ | ২৪,২১২/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১২ | মাদারগঞ্জ | চিড়াভিজা বিল | ৪৫.৬৯০০ | ৩২,৮১৫/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১৩ | ইসলামপুর | পঁচাবহলা বিল | ৩০.৭৮০০ | ১৭,১৮৫- | ১৪৩১-১৪৩৩ | |
| ১৪ | | বৈশাকুড়া বাঁকা বিল | ২০.৪৯০০ | ৯,৪১৮/- | ১৪৩১-১৪৩৩ | |
| ১৫ | | বলিয়াদহ ঢেংগারগড় বিল | ৩৬.৭৫০০ | ৩৫,১১২/- | ১৪৩১-১৪৩৩ | |

CamScanner

## সাধারণ আবেদনের মাধ্যমে জলমহাল ইজারা প্রাপ্তির শর্তাবলী ঃ (২০ একরের উর্ধ্বে)

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি যা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া সদস্য নেই তারাও আবেদনে অংশগ্রহণের জন্য উপর্যুক্ত বিবেচিত হবেন।

মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতির কোন জঙ্গী সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

জেলা প্রশাসক কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে।

সময়মত লীজমানি পরিশোধ না করা,তথ্য গোপন করা কিংবা অন্য অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তাহলে জেলা প্রশাসক উক্ত লীজ বাতিল করে দিবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন। উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে ১ম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত গ্রহণের ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা গ্রহীতা নিজ উদ্যোগে চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখলনামা বুঝে নিবেন।

। পরবর্তী ২য় ও ৩য় বছরের ইজারামূল্য যথাক্রমে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসঙ্গত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে জেলা প্রশাসক ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

। দরপত্রে উল্লিখিত দরের ১০% হারে আয়কর ও ১৫% হারে মূল্যসংযোজন কর (ভ্যাট) এবং ১ম বছরের গৃহীত মূল্যের সাকুল্য টাকা ডাক গ্রহণের ১৫(পনের) কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্র তারিখের মধ্যে পরিশোধ করতে হবে এবং ৩য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ২য় বছরের ১৫ চৈত্র তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইতোপূর্বে জমাকৃত টাকা বায়েজাপ্ত হয়ে যাবে এবং জলমহাল পুনঃ ইজারা/বন্দোবস্তের ব্যবস্থা নেয়া হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিলের সময় খামের উপর উপজেলাসহ জলমহালের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

। এতদসঙ্গে বিজ্ঞপ্তিতে উল্লেখিত জলমহালের বন্দোবস্ত ১৪৩১ হতে ১৪৩৩ বঙ্গাব্দের জন্য প্রযোজ্য হবে।

। ইজারামূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে অনুমোদিত আবেদনকারী সমিতি/সংগঠন স্ব-উদ্যোগে ইজারা চুক্তি সম্পাদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহণ করবেন। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না কিংবা কোন কর্তৃপক্ষ বা কোন আদালতে মামলা মোকদ্দমা করতে পারবে না। লীজচুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল প্রদান করা যাবে না।

। যে সকল জলমহালের উপর বিজ্ঞ আদালতে/উর্ধতন কর্তৃপক্ষের স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল জলমহালের জন্য এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না। তবে উর্ধতন কর্তৃপক্ষের অথবা বিজ্ঞ আদালতে সংশ্লিষ্ট জলমহালের মামলা মোকদ্দমা অথবা স্থগিতাদেশ/স্থিতাবস্থা/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহার সাপেক্ষে/প্রত্যাহার হলে জলমহাল ইজারার ব্যবস্থা গ্রহণ করা যাবে। এ ক্ষেত্রে কোন সমিতি ইচ্ছা করলে আবেদনপত্র ক্রয় করে আবেদনপত্র জমা দিতে পারবে এবং স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা প্রত্যাহার সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

। বছরের যে কোন সময়ে ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে কার্যকর হবে।

। মামলা জনিত কারণে/উর্ধতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইনসঙ্গত কারণে জলমহালসমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না অথবা জলমহাল ভরাট হয়ে গিয়েছে, মাছের মড়ক ইত্যাদি কারণে ক্ষতিপূরণ চেয়ে জলমহাল ইজারার মেয়াদ বৃদ্ধি করার জন্য কোন কর্তৃপক্ষ কিংবা অন্য কোন আদালতে কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না।

। জলমহাল সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।

। আদালতে কোন মামলা/প্রাকৃতিক কারণে কোন ক্ষতি গ্রস্থতার অজুহাতে ইজারামূল্য সমন্বয় কিংবা ইজারা মেয়াদ বৃদ্ধির কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না। এরূপ করা হলে বন্দোবস্ত বাতিল করা হবে।

CamScanner

২২। বদ্ধ জলমহালসমূহ তিন বছর মেয়াদে বন্দোবস্ত দেয়া হবে।

২৩। লীজগ্রহীতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন, যাতে কেউ সংশ্লিষ্ট জলমহালে অনুপ্রবেশ বা বেআইনীভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।

২৪। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন দাখিল না করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২৫। জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারী কার্যবিধি ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লংঘিত হয়।

২৬। অনুমোদিত ইজারাগ্রহীতা সরকার বা কালেক্টর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ/নিষেধ বন্দোবস্ত গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন। মৎস্য আহরণে প্রযোজ্য ক্ষেত্রে পাইল পদ্ধতি অনুসরণ করতে হবে।

২৭। ১ম বছরের সমুদয় অর্থ জমা দিয়ে কৃতকার্য আবেদনকারী নির্ধারিত ফরমে ৩০০/- টাকার মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় তাকে তিন কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

২৮। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারি আদেশ, জলমহাল ব্যবস্থাপনার সকল সরকারি আদেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশের/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ ছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যে কোন আদেশ/নির্দেশ এবং বিধি বিধানও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

২৯। জলমহাল ইজারা গ্রহণ করার পর কোন সংগঠন/সমিতির জলমহাল ভরাট, আয়তনের হ্রাস বৃদ্ধি বা অন্য কোন অজুহাত উপস্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

৩০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬.০১.২০২৪

মো: শফিউর রহমান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জামালপুর।
টেলিফোন নং- ০২৯৯৭৭৭২১৭২
ই-মেইল dcjamalpur@mopa.gov.bd

তারিখঃ- ১৬/০১/২০২৪ খ্রি.

স্মারক নং-৩১.৪৫.৩৯০০.০১৩.১২.০০৩(২).০৩- ৫৭

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

অনুলিপিঃ সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য।

৪। পুলিশ সুপার, জামালপুর।
৫। মেয়র, জামালপুর পৌরসভা/সরিষাবাড়ী/মেলান্দহ/ইসলামপুর/মাদারগঞ্জ/দেওয়ানগঞ্জ/বকশীগঞ্জ, জামালপুর (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।
৬। উপজেলা নির্বাহী অফিসার,----------------------------------------------(সকল), জামালপুর।
৭। জেলা মৎস্য কর্মকর্তা/ জেলা সমবায় কর্মকর্তা, জামালপুর।
৮। সহকারী কমিশনার (ভূমি),----------------------------------------------(সকল), জামালপুর।
৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা। বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে দেয়ার অনুরোধসহ।
১০। উপজেলা মৎস্য কর্মকর্তা----------------------------------------------(সকল), জামালপুর।
১১। সম্পাদক, দৈনিক..........আমরাগেল..........জামালপুর। এ সাথে প্রেরিত বিজ্ঞপ্তিটি আপনার দৈনিক পত্রিকায় ভেতরের পাতায় সীমিত পরিসরে ১৮/১/২৪ খ্রি. তারিখে কেবলমাত্র ১ (এক) দিনের জন্য জরুরিভিত্তিতে প্রকাশের অনুরোধসহ।
১২। নোটিশ বোর্ড।

Rayhan 16/01/2024

(রায়হান মাহমুদ)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জামালপুর

CamScanner